

অন্তর ... 03 MAR 1987  
সংখ্যা ... 4 ... ।

256



## উপজেলা পরিক্রমা কোম্পানীগঞ্জ

কোম্পানীগঞ্জ (নোয়াখালী), ২ মার্চ  
(সংবাদদাতা)।— ৭টি ইউনিয়ন ও ৩২টি  
গ্রাম সমষ্টিত এই উপজেলার আয়তন  
৩২৩.৭৫ কিলোমিটার। এর উত্তরে  
দাগন্ডুইয়া উপজেলা, পূর্বে সোনাগাঁী  
জেলা, পশ্চিমে সুধারাম উপজেলা এবং  
দক্ষিণে বঙ্গোপসাগর অবস্থিত। লোক  
সংখ্যা ১ লাখ ৩৬ হাজার ৮শ' ৭৯ জন।

পুরুষ ৬৭ হাজার ১শ' ৪৩ জন। পরিবারের  
সংখ্যা ২৪ হাজার ২শ' ১১টি।  
উপজেলার অধিকাংশ লোক কৃষিজীবী।

চিকিৎসা  
বর্তমানে এখানে ১টি উপজেলা  
হাসপাতাল, ১টি উপস্থান্ত কেন্দ্র ও দুটি  
পরিবার পরিকল্পনা কেন্দ্র রয়েছে। জরুরী  
বিভাগে রোগীদের চিকিৎসার জন্য  
পর্যায়ক্রমে একজন করে ডাক্তার  
নিয়োজিত আছে।

কৃষি  
সারের অভাবে চাষীরা ফসল উৎপাদনে  
নিরঞ্জন হচ্ছে। ৮০ লোক

কৃষক। উপজেলায় কৃষি পণ্যের মধ্যে  
রয়েছে, ১ লাখ ৬ হাজার একর ফসলী  
জমি। ধানই মুখ্য ফসল, পাটের আবাদ  
ব্যতিরেকে ধান, পাট, সুপারী, নারকেল  
সমূহ। কোম্পানীগঞ্জের উত্তরাংশের  
জমিতে সব ধরনের ফসল ফলে  
দক্ষিণাংশের চরাঘলে ধান, কলাই ও  
মরিচের আবাদই প্রধান।

শিক্ষা  
শিক্ষা ক্ষেত্রে কোম্পানীগঞ্জ অন্যান্য  
উপজেলার চেয়ে পিছিয়ে আছে।  
সরকারীভাবে এই উপজেলায় শিক্ষার হার  
২৭। এই উপজেলায় ২টি মহাবিদ্যালয়,  
৮টি উচ্চ বালক বিদ্যালয়, ২টি উচ্চ  
বালিকা বিদ্যালয়, নিম্নমাধ্যমিক বালিকা  
বিদ্যালয় ১টি, সিনিয়র মাদ্রাসা ২টি,  
জুনিয়র মাদ্রাসা ২টি, এবত্তেওয়ী মাদ্রাসা  
৫টি, কেরকানিয়া মাদ্রাসা ও মন্তব্য  
২১২টি, সরকারী প্রাথমিক বিদ্যালয়  
৫৪টি ও বেসরকারী প্রাথমিক বিদ্যালয়  
১০টি; মডেল স্কুল (কেজি) ১টি। শিক্ষা  
প্রতিষ্ঠানের অভাব ও সমস্যার অন্ত নেই।